গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও

| | | |
|---|---|---|
| বিষয় | : | **জুন- ২০২৪খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী** |
| সভাপতি | : | জনাব মোঃ আব্দুল কাইয়ুম<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও |
| তারিখ | : | ২৭ জুন ২০২৪খ্রিঃ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সহ অন্যান্য সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর মহোদয়কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। সভায় পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হলে তাতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। <u>বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্তঃ</u>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, আগামী সোমবার থেকে কৃষি মেলা শুরু হবে মেলায় সকলকে থাকার আহবান জানান। এছাড়াও অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর |
| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালে মশার উপদ্রব বেড়েছে স্প্রে করার মাধ্যমে তা নিরসন করা হবে। অত্র হাসপাতালের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রাণি সম্পদ দপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ল্যাম্পি ভাইরাস বেড়েছে তা রোধ করার জন্য সকলকে সচেতন হতে হবে। অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর |
| মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, কুলিক নদীতে মাছের অভয়ারণ্য করা হয়েছে। অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর |
| পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক তেমন কোন সমস্যা নেই. | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ খেলা চলমান রয়েছে। সকলকে ফাইনাল খেলা দেখার আহবান জানান। অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর |
| মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২৬ তারিখ থেকে বিদ্যালয় চলমান রয়েছে। অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর |

| | | | |
|---|---|---|---|
| প্রকৌশলি দপ্তর | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান আরও জানান যে, উপজেলা পরিষদের মূল গেট/মেইন গেট নির্মাণের অনুমোদন পাওয়া গেছে যা উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্তক্রমে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত গেট নির্মানের স্থানে দুইটি গাছ(মেহগনি একটি ও কৃষ্ণচূড়া একটি) রয়েছে. যা কর্তন করা জরুরী প্রয়োজন। এ মর্মে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর আবেদন দাখিল করেছেন | ১.দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে<br>২. মাসিক সভায় অনুমোদনক্রমে উপজেলা পরিষদের মূল গেট/মেইন গেট নির্মাণের কাজ বাস্তবায়ন করা যেতে পারে<br>৩. উপজেলা প্রকৌশলির আবেদন মোতাবেক পরিষদের মেইন গেট নির্মাণের নির্ধারিত স্থান গাছ দুইটি(মেহগনি একটি ও কৃষ্ণচূড়া একটি) কর্তনের নিমিত্তে উপজেলা বন কর্মকর্তার মূল্য নির্ধারণী তালিকা এবং উপজেলা কমিটির সভার কার্যবিবরণীসহ চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির জন্য জেলা প্রশাসক, ফরিদপুর বরাবর প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, গত মাসে ২২টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ দেওয়া হয়েছে। অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | সহকারী প্রোগ্রামার, হরিপুর |
| জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে. টিউবওয়েলের ঠিকাদারের চুক্তি ব্যক্তিদের জন্য প্রকল্প পরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। হাসপাতাল সার্ভিস অফিসে জরুরী ভিত্তিতে টিউবওয়েল প্রদান করা হবে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, হরিপুর |
| উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রতিবন্ধী সনাক্তকরণ পেতে সেবাগ্রহীতাদের জন্য দুইটি ফোন লাগবে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর |
| যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তর বেকার যুবকদের জন্য কাজ করে যাচ্ছে। অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর |
| সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর |
| খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর |
| পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তেমন কোন সমস্যা নেই. | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর |
| আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, উপজেলা পরিষদের নির্বাচনের বিল পাওয়া গেলে দেওয়া হবে। অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হরিপুর |
| বাংলাদেশ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, প্রশিক্ষণ ও ঋণ বিতরণ কার্যক্রম | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত | উপজেলা পল্লী |

| | | | |
|---|---|---|---|
| পল্লী উন্নয়ন বোর্ড | স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়াও অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | রাখতে হবে | উন্নয়ন কর্মকর্তা, হরিপুর |
| বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিনিধি সভায় জানান, হঠাৎ করে প্রচন্ড সমস্যা হওয়াই বিদ্যুৎ সরবরাহকরণে সমস্যা দেখা যায়। তাই তাৎক্ষণিক জানাতে পারেনি। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | এজিএম উপজেলা পল্লী বিদ্যুতায়ন বোর্ড, হরিপুর |
| বন বিভাগ | ফরেস্টার,সদর নার্সারী সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার,সদর নার্সারী, হরিপুর |
| বরেন্দ্র দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ প্রতিনিধি সভায় জানান, সেচ লাইসেন্স বিষয়ে জুলাইয়ের প্রথম সপ্তাহে সভা আহবান করা হবে। এছাড়াও অত্র দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হরিপুর |
| সেটেলমেন্ট অফিস | উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তা |
| প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পঃ দাঃ বিঃ ফাঃ কর্মকর্তা, হরিপুর |
| তথ্য আপা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, হরিপুর |
| চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা চেয়ারম্যান সভায় জানান, দীর্ঘদিন থেকে জনস্বাস্থ্য প্রকৌশলের কাজ দেখা যায় না কেন তা জানতে চান। নতুন অর্থবছরে উপকারভোগীদের টিউবওয়েল পেতে যাতে কোন ভোগান্তি না হয় সেজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মনোযোগ আকর্ষন করেন। অত্র উপজেলায় বিদ্যুতের অনেক সমস্যা দেখা যায়। বিদ্যুতের কোন সমস্যা থাকলে তা আগে জানাতে হবে তা হলে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |
| উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, অত্র উপজেলায় জন্ম স্টেট সেন্টারের কাজ এখনো শেষ হয়নি। কাজ দ্রুত শেষ করতে অনুরোধ করেন। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে যে নিয়মিত সভা হবে তা অবহিত করেন। হরিপুর হাসপাতালে যাতে মানুষ সবরকম সেবা পায় সেজন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া উপজেলা পরিষদ সভার সকল সদস্যকে মিটিং এ নিয়মিত অংশগ্রহণের অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) সভায় জানান, হরিপুরের মানুষ যে যে কোন কাজে সহযোগিতা করার জন্য প্রস্তুত রয়েছে। আধুনিক হরিপুর গড়তে সকলে মিলেমিশে কাজ করতে হবে। | সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, হরিপুরের মানুষ যাতে সকল ধরনের সেবা অনায়াসে গ্রহণ করতে পারে সেজন্য সকলের সহযোগিতা কামনা করেন। | সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ১ নং গেদুড়া ইউপি |
| চেয়ারম্যান, ২ নং | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি সভায় জানান, যাদুরানী হাটে কাদা ও পানি জমে থাকে সেজন্য সিসি ঢালাই করতে হবে | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে এবং যাদুরানী হাট এর | ১। উপজেলা নির্বাহী |

| | | | |
|---|---|---|---|
| আমিপাঁও ইউনিয়ন পরিষদ | | উন্নয়নে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | অফিসার, হরিপুর<br>২। উপজেলা প্রকৌশলী, হরিপুর |
| চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি |
| চেয়ারম্যান, ৪ নং ডাঙ্গিপাড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৪ নং ডাঙ্গিপাড়া ইউপি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৪ নং ডাঙ্গিপাড়া ইউপি |
| চেয়ারম্যান, ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৫ নং হরিপুর ইউপি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৫ নং হরিপুর ইউপি |
| চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৬ নং ভাতুরিয়া ইউপি |

০৩। বিবিধঃ

(০১) আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র উপজেলা পরিষদে জুলাই/২০২৪ খ্রিঃ মাসে অগ্রিম আপ্যায়ন খাতে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) এবং জুলাই/২০২৪ খ্রিঃ মাসে অগ্রিম আনুষাঙ্গিক খাতে ৫,০০০/- টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| আনুষাঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০২) আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে জুন/২০২৪খ্রিঃ মাসে ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০৩) আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, জুন/২০২৪খ্রিঃ মাসে অত্র উপজেলা পরিষদের অফিসার্স কোয়ার্টারের চারপাশের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৯,০০০/-(নয় হাজার টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্তঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের অফিসার্স কোয়ার্টারের চারপাশের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৯,০০০/-(নয় হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর |

(০৪) জনাব মোঃ সোহেল রানা, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ৮ মোতাবেক উপজেলা পরিষদ বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বিধি মোতাবেক পরিশোধ করা যাবে। সে মোতাবেক বাংলা ১৪২৯-১৪৩০ সনের জন্য উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর=৮,৩৩৫/- (আট হাজার তিনশত পঁয়ত্রিশ) টাকা পরিশোধ করা হয়েছে। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন

বিস্তারিত আলোচনায় বর্ণিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্তঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর=৮,৩৩৫/-(আট হাজার তিনশত পঁয়ত্রিশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২ উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০৫) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদ জীপগাড়ির জুন/২০২৪খ্রিঃ মাসে জ্বালানী বিল বাবদ ৩২,৬২২/- - (বত্রিশ হাজার ছয়শত বাইশ) টাকা প্রদান করা হয়েছে যা অদ্যকার সভায় অনুমোদন করা প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত জ্বালানি বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্তঃ | বাস্তবায়নে- |
|---|---|
| | |

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| উপজেলা পরিষদ স্টেশনারির জুন-২০২৪খ্রিঃ মাসের জ্বালানী ব্যয় বিল বাবদ ৩২,৬২২/- (বত্রিশ হাজার ছয়শত বাইশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০৬) জনাব মোঃ সোহেল রানা, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে সভায় জানান, ১% স্থাবর সম্পত্তি হস্তান্তর কর হিসাবে স্পর্শ টাকা না থাকায় স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০১৭.০১৮.০০.০০.০০১.২০১১ ৫২৬ তারিখঃ ২৩-১১-২০২৩খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক ইউপি সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের বেতন ভাতা হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% হিসাব থেকে প্রদান করার বিধান রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ক্রমিক নং ৪ এ রয়েছে এবং সে মোতাবেক উক্ত বেতন প্রদান করা যেতে পারে। ২০২৩-২৪ অর্থবছরে ইউপি সচিব ও হিসাব সহকারীদের বেতন ভাতা বাবদ ১৫,৩৫,৫০০/ (পনের লক্ষ পঁয়ত্রিশ হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়েছে। বিস্তারিত আলোচনায় বর্ণিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে- |
|---|---|
| অত্র উপজেলার ইউপি সচিব ও হিসাব সহকারীদের ২০২৩-২৪ অর্থবছরের বেতন ভাতা বাবদ ১৫,৩৫,৫০০/-(পনের লক্ষ পঁয়ত্রিশ হাজার পাঁচশত) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

(০৭) জনাব মোঃ সোহেল রানা, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৫ এর ক্রমিক নং গ মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ ৩০ জুন এর পর উন্নয়ন তহবিলে জমা করতে হবে। ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে অব্যয়িত অর্থ ৭০,৬৫,২৭১/-(সত্তর লক্ষ পঁয়ষট্টি হাজার দুইশত একাত্তর) টাকা যা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা করতে হবে। যা অদ্যকার সভায় অনুমোদন করা প্রয়োজন। বিস্তারিত আলোচনায় বর্ণিত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে- |
|---|---|
| ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে অব্যয়িত অর্থ ৭০,৬৫,২৭১/-(সত্তর লক্ষ পঁয়ষট্টি হাজার দুইশত একাত্তর) টাকা। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০৮) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, অত্র উপজেলা প্রত্যন্ত ও সীমান্তবর্তী। এ উপজেলায় শিক্ষার প্রবহমান বৃদ্ধির লক্ষে অত্র এলাকার গরীব ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে জুন ২০২৩ মাসে শিক্ষা সহায়তা হিসেবে ০২(দুই) জন ছাত্র/ছাত্রীর মাঝে ৪,০০০/- ও ৫,০০০/- টাকা হারে মোট ৯,০০০/- (নয় হাজার টাকা মাত্র) প্রদান করা হয়েছে। চিকিৎসা সহায়তা হিসেবে ৪৩ (তেতাল্লিশ) জন ব্যক্তিকে ২,০০০/-, ২,৫০০/-, ৩,০০০/-, ৩,৫০০/-, ৪,০০০/- ও ৫,০০০/- টাকা হারে মোট ১,৩৭,০০০/- (এক লক্ষ সাঁইত্রিশ হাজার মাত্র) টাকা। ঘরপোড়া সহায়তা বাবদ সাত জন ব্যক্তিকে ৩,০০০/-, ৪,০০০/- ও ৫,০০০/- টাকা হারে মোট ২৮,০০০/-(আটাশ হাজার) টাকা। শিক্ষা সহায়তা, চিকিৎসা সহায়তা ও ঘরপোড়া ক্ষতিগ্রস্তদের জন্য আর্থিক সহায়তা বাবদ সর্বমোট ১,৭৪,০০০/- টাকা (এক লক্ষ চুয়াত্তর হাজার) টাকা প্রদান করা হয়েছে যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন। বিস্তারিত আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| শিক্ষা সহায়তা, চিকিৎসা সহায়তা ও ঘরপোড়া ক্ষতিগ্রস্থদের জন্য আর্থিক সহায়তা বাবদ সর্বমোট ১,৭৪,০০০/- টাকা (এক লক্ষ চুয়াত্তর হাজার টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

(০৯) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, জুন-২০২৪, মাসের ভ্রমন বিল বাবদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয়ের ৯,৩২৯/-(নয় হাজার তিনশত উনত্রিশ টাকা মাত্র). জুন ২০২৪, মাসের ভ্রমন বিল বাবদ ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ৭,০০০/-(সাত হাজার টাকা মাত্র) এবং জুন, ২০২৪, মাসের ভ্রমণ বিল বাবদ মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ৭,০০০/-(সাত হাজার টাকা মাত্র) যার সর্বমোট ভ্রমণ ব্যয় বিল ২৩,৩২৯/-(তেইশ হাজার তিনশত উনত্রিশ) টাকার বিল পরিশোধ করা হয়েছে। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন। বিস্তারিত আলোচনায় বর্ণিত ভ্রমন বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জুন-২০২৪, মাসের ভ্রমন বিল বাবদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয়ের ৯,৩২৯/-(নয় হাজার তিনশত উনত্রিশ টাকা মাত্র), জুন-২০২৪, মাসের ভ্রমন বিল বাবদ ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ৭,০০০/-(সাত হাজার টাকা মাত্র) এবং জুন-২০২৪, মাসের ভ্রমন বিল বাবদ মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ৭,০০০/-(সাত হাজার টাকা মাত্র) যার সর্বমোট ভ্রমণ ব্যয় বিল ২৩,৩২৯/-(তেইশ হাজার তিনশত উনত্রিশ টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(১০) চেয়ারম্যান উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান, উপজেলা পরিষদ অফিসে কম্পিউটারটি সচল না থাকায় অফিসটি পরিচালনা করতে নানামুখী সমস্যা হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে অত্রাফিসে কম্পিউটারটি সংগ্রহ/মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং এঃ মোতাবেক উপজেলা পরিষদ অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামতকরণ বাবদ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। উপজেলা পরিষদের কম্পিউটারটি মেরামত খাতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয় করা হয়েছে। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন

| সিদ্ধান্ত | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের জুন/২৪ মাসে কম্পিউটার মেরামত খাতে ব্যয় ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>১। উপজেলা প্রকৌশলী, হরিপুর |

(১১) উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান, অত্র উপজেলার ২ নং আমগাঁও(২টি), ৩ নং বকুয়া(১টি), ৫ নং হরিপুর(১টি) ও ৬ নং ভাতুরিয়া ইউনিয়নে(১টি) গ্রাম পুলিশ(মহল্লাদার) পদ দীর্ঘদিন ধরে শূণ্য থাকায় উক্ত ইউনিয়ন পরিষদের স্বাভাবিক কার্যক্রমে ব্যাঘাত দেখা দেয়। যার ফলে ইউনিয়নগুলো তাদের স্বাভাবিক কাজ করতে পারছে না। সেহেতু, বর্ণিত ইউনিয়ন পরিষদের আবেদনের প্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ ও, পোষাক ও চাকুরীর শর্তাবলি সম্পর্কিত বিধিমালা ২০১৫; ০৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দে প্রকাশিত প্রজ্ঞাপন এস আর ও নং ২৩২ আইন/২০১৭ (সংশোধিত) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (আইন ২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬, ধারা ৪৮ মোতাবেক নিয়োগ বিধি ও উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক গ্রাম পুলিশ(মহল্লাদার) নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| অত্র উপজেলার ২ নং আমগাঁও(২টি), ৩ নং বকুয়া(১টি), ৫ নং হরিপুর(১টি) ও ৬ নং ভাতুরিয়া ইউনিয়নে(১টি) গ্রাম পুলিশ(মহল্লাদার) পদে নিয়োগ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | সংশ্লিষ্ট কমিটি |

(১২) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, অত্র উপজেলা প্রত্যন্ত ও সীমান্তবর্তী। এ উপজেলায় গরীব ও অসহায় মানুষদের মাঝে জুলাই ২০২৪ মাসে চিকিৎসা সহায়তা হিসেবে ০২(দুই) জন মানুষের মাঝে ৪,০০০/- ও ৪,৫০০/- টাকা হারে মোট ৮,৫০০/-(আট হাজার পাঁচশত টাকা মাত্র) প্রদান করা প্রয়োজন যা এ সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে |
|---|---|
| চিকিৎসা সহায়তা বাবদ সর্বমোট ৮,৫০০/-(আট হাজার পাঁচশত টাকা মাত্র) সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Aqayum

মোঃ আব্দুল কাইয়ুম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা
হরিপুর, ঠাকুরগাঁও

তারিখঃ ২৭/০৬/২০২৪খ্রিঃ

স্মারক নং:০৫.৫৫.৯৪৫১.০০০.০৫.০০৩.২৪-

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও ২
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর
০৩। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও
০৬। উপজেলা ........................................................কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও
০৭। চেয়ারম্যান ........................................................(সকল) ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও

29/6/2024

উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও